| স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঔষধ প্রশাসন অধিদপ্তরের ঔষধ তত্ত্বাবধায়ক [৯ম গ্রেড] ও ঔষধ পরিদর্শক [১০ম গ্রেড] পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার নির্ধারিত তারিখ ও সময়সূচি। |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর,
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.০০.০০০০.১০৭.১১.০০৩.২০ (অংশ-৪)-৩৪০

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২২ মে ২০২২

**বিষয় : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঔষধ প্রশাসন অধিদপ্তরের ঔষধ তত্ত্বাবধায়ক [৯ম গ্রেড] ও ঔষধ পরিদর্শক [১০ম গ্রেড] পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি।**

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঔষধ প্রশাসন অধিদপ্তরের **ঔষধ তত্ত্বাবধায়ক** [৯ম গ্রেড] এর ৫৭টি শূন্য পদে বাছাই (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ ১৪৩৬ জন ও **ঔষধ পরিদর্শক** [১০ম গ্রেড] এর ১৩টি শূন্য পদে বাছাই (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ ২৩৫ জন প্রার্থীর লিখিত পরীক্ষা নিম্নে উল্লিখিত কেন্দ্রে বর্ণিত তারিখ, সময় ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে :

| লিখিত পরীক্ষার তারিখ ও সময় | পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও সময় | ক্রমিঃ নম্বর | পরীক্ষার কেন্দ্র | বিষয় | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১৩.০৬.২০২২ (সোমবার) দুপুর-১২.০০ মিনিট থেকে বিকাল ৪.০০ মিনিট পর্যন্ত | **ঔষধ তত্ত্বাবধায়ক** [৯ম গ্রেড] [বিজ্ঞপ্তির তারিখ: ১১.০৬.২০২০, নম্বর: ৩৫] | ১. | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাতমসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। | ফার্মাসী | 000054 - 800410 | ২৫৪ জন |
| | | | | বায়োকেমিস্ট্রি | 000109 - 800367 | ১৬৮ জন |
| | | | | ভেটেরিনারী সাইন্স | 000038 - 800487 | ৩৫৮ জন |
| | | | | মাইক্রোবায়োলজি | 000679 - 400253 | ০২ জন |
| | | ২. | মোহাম্মদপুর কমার্শিয়াল ইনস্টিটিউট সরকারি মাধ্যমিক বিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। | ফলিত রসায়ন | 000037 - 800131 | ১৩৩ জন |
| | | | | রসায়ন | 000019 - 800478 | ৫২১ জন |
| ১৫.০৬.২০২২ (বুধবার) দুপুর-১২.০০ মিনিট থেকে বিকাল ৪.০০ মিনিট পর্যন্ত | **ঔষধ পরিদর্শক** [১০ম গ্রেড] [বিজ্ঞপ্তির তারিখ: ১১.০৬.২০২০, নম্বর: ৪৩] | ১. | ৭১ মিলনায়তন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭। | বায়োকেমিস্ট্রি | 000019 - 800078 | ৮০ জন |
| | | | | কেমিস্ট্রি | 000309 - 200141 | ০৬ জন |
| | | | | ফার্মাসী | 000003 - 800087 | ১৪৯ জন |

## পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি :

০২. **পরীক্ষার্থীদের সরকার কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কোনো পরীক্ষার্থী মাস্ক ব্যতীত পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।**

০৩. কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ প্রার্থীদের **ঔষধ তত্ত্বাবধায়ক** [৯ম গ্রেড] ও **ঔষধ পরিদর্শক** [১০ম গ্রেড] পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।

০৪. কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করা যাবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

০৫. মোবাইল ফোন, কোনো ধরনের ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্র, হাতঘড়ি, বই-পুস্তক, অর্নামেন্টস, ব্যাগসহ কোনো পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না। পরীক্ষার হলের গেটে পুলিশ এর উপস্থিতিতে উল্লিখিত দ্রব্যাদি এবং প্রবেশপত্র পরীক্ষা করে প্রার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে। পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর কাছে মোবাইল ফোন, কোনো ধরণের যোগাযোগ যন্ত্র বা হাতঘড়ি পাওয়া গেলে উক্ত প্রার্থীকে বহিস্কারপূর্বক তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত সকল নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।

ক্রমশ://২

০৬. পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষাকক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘন্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।

০৭. পরীক্ষার্থীদের বাংলা-৪০ নম্বর, ইংরেজি-৪০ নম্বর, সাধারণ জ্ঞান-৪০ নম্বর ও প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ে-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘন্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা নিষিদ্ধ। তবে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।

০৮. পরীক্ষার্থীদের একই সাথে ০৪টি বিষয়ের জন্য ০৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীদের বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।

০৯. হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে প্রার্থীর স্বাক্ষর একই হতে হবে।

১০. পরীক্ষার্থীদের নির্দিষ্ট কেন্দ্রের নির্দিষ্ট বিষয়ের কক্ষ ব্যতীত অন্য কেন্দ্রে/কক্ষে পরীক্ষা গ্রহণ করা হবে না।

১১. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১২. পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য-সাংবাদিক-গোয়েন্দা সংস্থার সদস্য, বিপিএসসির প্রতিনিধি বা অন্য কোন পরিচয় দিয়ে কোন ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে এবং হলসমূহে অনধিকার প্রবেশ করতে চাইলে প্রবেশপথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করবেন। কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধান তার পরিচয় সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হবেন এবং প্রয়োজনে প্রবেশের অনুমতি প্রদান করবেন।

১৩. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd- এ পাওয়া যাবে।

22.05.2022

[আবদুল্লাহ আল মামুন]
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)